

**নজরদারিতে  
কয়েকজন  
মাদ্রাসাশিক্ষক**  
পরিকল্পনাকারীরা এখনো অধরা  
নিজস্ব প্রতিবেদক > <

আনসারুল্লাহ বাংলা টিমের সঙ্গে সম্পৃক্ত ঢাকা ও চট্টগ্রামের কয়েকজন মাদ্রাসার শিক্ষককে জিজ্ঞাসাবাদের পরিকল্পনা করেছেন গোয়েন্দারা। ওই শিক্ষকদের বিরুদ্ধে জঙ্গি সম্পৃক্ততার অভিযোগ রয়েছে। তাঁদের বিরুদ্ধে জঙ্গি সংগঠনগুলোর সঙ্গে গোপন যোগাযোগ রাখার তথ্য দিয়েছে ওয়াশিংটন রহমান বাবু হত্যাকাণ্ডের ঘটনায় গ্রেপ্তার জিকরুল্লাহ ও আরিফুল ইসলাম। ঢাকা মহানগর পুলিশের গোয়েন্দা শাখার (ডিবি) হেফাজতে জিজ্ঞাসাবাদের তারা এ তথ্য দেয়। গতকাল রবিবার ছিল তাদের রিম্যান্ডের চতুর্থ দিন। ইতিমধ্যে জিজ্ঞাসাবাদে তারা অনেক গুরুত্বপূর্ণ তথ্য দিয়েছে বলে দাবি করেছেন তদন্তসংশ্লিষ্ট ব্যক্তির। তবে ওয়াশিংটন হত্যাকাণ্ডের মূল পরিকল্পনাকারী মাসুম ও তার ঘনিষ্ঠ ভাইয়ের গত পাঁচ দিনেও ধরা পড়েনি। জিকরুল্লাহ ও আরিফুলকে আট দিনের রিম্যান্ডে নেওয়া হয়েছে। তদন্তসংশ্লিষ্টদের ভাষা মতে, জিজ্ঞাসাবাদে দুজন জানিয়েছে, মিরপুরের দারুল উলুম ও চট্টগ্রামের হাটহাজারী মাদ্রাসার বেশ কয়েকজন শিক্ষকের সঙ্গে তাদের ঘনিষ্ঠতা ছিল। মাদ্রাসার আরো অনেক শিক্ষার্থী রয়েছে, যারা ওই শিক্ষকদের নির্দেশ পালন করে। তাদের সঙ্গে ওয়াশিংটন হত্যাকাণ্ডে মূল পরিকল্পনাকারী

▶▶ পৃষ্ঠা ১৩ ক. ৫

**নজরদারিতে কয়েকজন**  
▶▶ শেষ পৃষ্ঠার পর

মাসুমেরও ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। বিভিন্ন সময়ে ওই শিক্ষকরাই ইসলামবিরাধীদের মুরতাদ অভিহিত করে হত্যার নির্দেশ দেন। 'সওয়াব হবে' মনে করে অনেক শিক্ষার্থী সেই নির্দেশ পালন করতে উৎসাহী হয়ে ওঠে। ওই শিক্ষকদের সঙ্গে পাকিস্তান ও মধ্যপ্রাচ্যের অনেক আন্তর্জাতিক উগ্রবাদী ইসলামী নেতাদের যোগাযোগ রয়েছে। রুগারদের ইসলামবিরাধী লেখালেখির বিষয়ে আন্তর্জাতিক নেতারাও ফুরু ডিবির যুগ্ম কমিশনার মনিরুল ইসলাম জানান, জিকরুল্লাহ ও আরিফুলকে জিজ্ঞাসাবাদ করা হচ্ছে। মূল পরিকল্পনাকারীদের ধরার চেষ্টা চলছে। এখন পর্যন্ত পাওয়া তথ্য যাচাই-বাছাই করতে প্রয়োজনে মাদ্রাসার শিক্ষকদেরও জিজ্ঞাসাবাদ করা হবে।

অভিজিৎ রায় হত্যাকাণ্ডে জড়িতদের গ্রেপ্তার নিয়ে আরেক প্রণের জবাবে উর্ধ্বতন এক গোয়েন্দা কর্মকর্তা বলেন, অভিজিৎ হত্যাকাণ্ডে আনসারুল্লাহ বাংলা টিমের সদস্যরাই জড়িত বলে বিভিন্ন সূত্র থেকে তথ্য পাওয়া গেছে। ওই জঙ্গিগোষ্ঠীর সদস্যরা ওয়াশিংটনকেও হত্যা করে। আনসারুল্লাহর পৃথক ঘেসব কিলার গ্রুপ রয়েছে তারা একই কারণে অভিজিৎ ও ওয়াশিংটনকে হত্যা করতে পারে।

তবে তদন্তসংশ্লিষ্ট ব্যক্তির বলছেন, ওয়াশিংটন হত্যাকাণ্ডে জড়িত থাকার দায় স্বীকার করলেও জিকরুল্লাহ ও আরিফুল দাবি করেছে তারা অভিজিৎ হত্যাকাণ্ডের বিষয়ে কিছু জানে না। তদন্তসংশ্লিষ্ট একটি সূত্র জানায়, ওয়াশিংটন হত্যার মূল পরিকল্পনাকারী মাসুম খুবই ধুরন্ধর প্রকৃতির। এটা তার আসল নাম নাও হতে পারে। তবে তাকে ধরতে পারলে আনসারুল্লাহ বাংলা টিমের অনেক গুরুত্বপূর্ণ তথ্য জানা যাবে।

গত সোমবার সকালে রাজধানীর দক্ষিণ বেগুনবাড়ী এলাকায় রুগার ওয়াশিংটনকে প্রকাশ্যে হত্যা করা হয়। হত্যাকাণ্ডে জড়িত জিকরুল্লাহ ও আরিফুল পরে স্থানীয়দের হাতে ধরা পড়ে। আবু তাহের নামের আরেকজন পালিয়ে যায়। এ ঘটনায় করা হত্যা মামলায় জিকরুল্লাহ ও আরিফুল ছাড়াও মাসুম ও তাহেরকে আসামি করা হয়েছে। জিজ্ঞাসাবাদে জিকরুল্লাহ ও আরিফুল দাবি করেছে, তারা সবাই আনসারুল্লাহ বাংলা টিমের সদস্য।